

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১০.২০১৩(খন্ড-১)/১২২

তারিখ: ২৮.০৩.২০২১খ্রি.

বিষয়: ঢাকা মহানগরীর টি এন্ড টি মহিলা কলেজের অধ্যক্ষ ড. মো: মহসীন হোসেন-এর এমপিও স্থগিতাদেশ বহাল রাখাসহ তাঁর নিয়োগ ও এমপিও'র সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কারণ দর্শানো প্রসংগে।

সূত্র: ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.৪৩৯, তারিখ: ১৪.১২.২০২০ খ্রি.

২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৭.১৮.১২৫, তারিখ: ০২.০৯.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর টি এন্ড টি মহিলা কলেজের অধ্যক্ষ ড. মো: মহসীন হোসেন, ভুয়া ইনডেক্স ব্যবহার করে এমপিওভুক্ত হওয়ায় তার এম.পি.ও. স্থগিতাদেশ বহাল রাখা এবং তাঁর নিয়োগ ও এমপিও'র সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কারণ দর্শানোসহ নিয়োক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) ড. মো: মহসীন হোসেন (বর্তমানে এমপিও সাময়িক স্থগিত) এর কোন অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও বিধি বহির্ভূতভাবে টি এন্ড টি মহিলা কলেজ অধ্যক্ষ হিসেবে তাকে নিয়োগের সুপারিশ করার জন্য নিয়োগ কমিটির সাথে জড়িত ঐ সময়ের মাউশি'র প্রতিনিধি এবং পরবর্তীতে তাকে এম.পি.ও.ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট উপ-পরিচালক, ঢাকা কে কারণ দর্শানো;

খ) এ বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১৭৫০/২০১৮ চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অধ্যক্ষ ড. মো: মহসীন হোসেন-এর এমপিও স্থগিতাদেশ বহাল রাখা; এবং

গ) মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১৭৫০/২০১৮ মামলায় সরকার পক্ষে যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৮/৩/২০২১

(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭

ই-মেইল: ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল।

৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪. ড. মো: মহসীন হোসেন, অধ্যক্ষ, (বর্তমানে এমপিও সাময়িক স্থগিত) টি এন্ড টি মহিলা কলেজ, ঢাকা।

৫. অফিস কপি।